



পাঠ ৭

## প্রার্থনায় ঈশ্বরের নিকটবর্তী হওয়া

নিয়মিতভাবে প্রার্থনা করা গুরুত্বপূর্ণ কেন? (১)

কার প্রতি আমাদের প্রার্থনা করা উচিত এবং কিভাবে? (২, ৩)

প্রার্থনার জন্য উপযুক্ত বিষয়গুলি কী? (৪)

আপনার কখন প্রার্থনা করা উচিত? (৫, ৬)

ঈশ্বর কি সকল প্রার্থনা শোনেন? (৭)

১. প্রার্থনা হল ঈশ্বরের প্রতি নম্রভাবে কথা বলা। ঈশ্বরের কাছে আপনার নিয়মিতরূপে প্রার্থনা করা উচিত। এইভাবে ঠিক কোন প্রিয় বন্ধুর মতই আপনি তাঁর নিকটবর্তী হওয়া অনুভব করতে পারবেন। যিহোবা কত মহান এবং শক্তিশালী, তথাপি তিনি আমাদের প্রার্থনা শোনেন! আপনি কি নিয়মিতভাবে ঈশ্বরের কাছে প্রার্থনা করেন?—গীতসংহিতা ৬৫:২; ১ থিমলোনীকীয় ৫:১৭.

২. প্রার্থনা হল আমাদের উপাসনার অংশ। সূতরাং, আমাদের একমাত্র ঈশ্বর, যিহোবার প্রতি প্রার্থনা করা উচিত। যখন যীশু পৃথিবীতে ছিলেন, তিনি সর্বদাই তাঁর পিতার কাছে প্রার্থনা করতেন, অন্য কারও প্রতি



নয়। আমাদেরও ঠিক তাই করা উচিত। (মথি ৪:১০; ৬:৯) যদিও, আমাদের সকল প্রার্থনা বলা উচিত যীশুর নামে। এটি দেখায় যে আমরা যীশুর পদমর্যাদার সম্মান করি এবং তাঁর মুক্তিমূল্যরূপ বলিদানে বিশ্বাস করি।—যোহন ১৪:৬; ১ যোহন ২:১, ২.

৩. যখন আমরা প্রার্থনা করি আমাদের উচিত হৃদয় থেকে ঈশ্বরের প্রতি কথা বলা। মুখস্থ করে আমাদের প্রার্থনা বলা অথবা কোন প্রার্থনার বই থেকে সেগুলিকে পড়া আমাদের উচিত নয়। (মথি ৬:৭, ৮) আমরা প্রার্থনা করতে পারি যে কোন শ্রদ্ধাজ্ঞাপক ভঙ্গিমায়, যে কোন সময়ে এবং যে কোন স্থানে। এমনকি আমাদের মনে মনে বলা নীরব প্রার্থনাও ঈশ্বর শুনতে পারেন। (১ শমূয়েল ১:১২, ১৩) আমাদের ব্যক্তিগত প্রার্থনা করার জন্য অন্য লোকের থেকে দূরে কোন নির্জন স্থান বেছে নেওয়া উত্তম হবে।—মার্ক ১:৩৫.

৪. কোন বিষয়গুলি সম্পর্কে আপনি প্রার্থনা করতে পারেন? যে কোন বিষয় যা তাঁর সাথে আপনার বন্ধুত্বকে প্রভাবান্বিত করে। (ফিলিপীয় ৪:৬, ৭) আদর্শ প্রার্থনা দেখায় যে আমাদের উচিত যিহোবার নাম এবং উদ্দেশ্য সম্বন্ধে প্রার্থনা করা। এছাড়াও আমাদের প্রয়োজনীয় বস্তুগুলি সরবরাহের জন্য, আমাদের পাপের ক্ষমার জন্য এবং প্রলোভন প্রতিরোধ করতে সাহায্যের জন্য আমরা বলতে পারি। (মথি ৬:৯-১৩) আমাদের প্রার্থনাগুলি স্বার্থপরের মত হওয়া উচিত নয়। আমাদের উচিত শুধুমাত্র সেই বিষয়গুলির জন্য প্রার্থনা করা যেগুলি ঈশ্বরের ইচ্ছার সাথে সঙ্গতি রাখে।—১ যোহন ৫:১৪.

৫. যখনই ঈশ্বরকে ধন্যবাদ অথবা প্রশংসা জানাতে আপনার হৃদয় আপনাকে প্রণোদিত করে, আপনি প্রার্থনা করতে পারেন। (১ বংশাবলি ২৯:১০-১৩) যখন আপনি সমস্যায় পড়েছেন এবং আপনার বিশ্বাস পরীক্ষিত হচ্ছে, আপনার প্রার্থনা করা উচিত। (গীতসংহিতা ৫৫:২২; ১২০:১) আপনার ভোজন করার পূর্বে প্রার্থনা করা যথো-



পযুক্ত। (মথি ১৪:১৯) যিহোবা “সর্বসময়ে” প্রার্থনা করতে আমাদের আমন্ত্রণ করেন।—ইফিযীয় ৬:১৮.

৬. বিশেষ করে আমাদের প্রার্থনা করা প্রয়োজন যখন আমরা কোন গুরুতর পাপ করে ফেলেছি। এরূপ সময়গুলিতে যিহোবার দয়া এবং ক্ষমার জন্য আমাদের বিনতি করা উচিত। যদি আমরা তাঁর কাছে আমাদের পাপসকল স্বীকার করি এবং সেগুলি পুনরাবৃত্তি না করতে আমাদের যথাসাধ্য করি, ঈশ্বর “ক্ষমাবান” হতে প্রস্তুত।—গীতসংহিতা ৮৬:৫; হিতোপদেশ ২৮:১৩.

৭. যিহোবা কেবলমাত্র ধার্মিক ব্যক্তিদের প্রার্থনাগুলি শোনে। যদি আপনার প্রার্থনাগুলি ঈশ্বর কর্তক গ্রহণীয় হতে হয়, আপনাকে অবশ্যই তাঁর নিয়মগুলি অনুসারে জীবনযাপন করায় যথাসাধ্য চেষ্টা করতে হবে। (হিতোপদেশ ১৫:২৯; ২৮:৯) আপনাকে অবশ্যই নম্র হতে হবে যখন আপনি প্রার্থনা করেন। (লুক ১৮:৯-১৪) যা আপনি প্রার্থনা করছেন তার সাথে সঙ্গতি রেখে আপনার কাজ করা প্রয়োজন। এইভাবে আপনি প্রমাণ করবেন যে আপনার বিশ্বাস আছে এবং আপনি যা বলেন তা পালন করেন। একমাত্র তখনই যিহোবা আপনার প্রার্থনাগুলির উত্তর দেবেন।—ইব্রীয় ১১:৬.

